বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

আজকের কাগজ

১৩

তারিখ 07 MAR 1995
পৃষ্ঠা ৮ কলাম ৪

# ১২ হাজার সরকারি কলেজ শিক্ষক ৮ এপ্রিল থেকে ধর্মঘটে যাচ্ছেন

দেশের ১২ হাজার সরকারি কলেজ শিক্ষক আগামী ৮ এপ্রিল থেকে ১২ দফা দাবিতে অনির্দিষ্ট কালের জন্যে ধর্মঘটে যাচ্ছে। খবর ইউএনবি। বাংলাদেশ গভর্নমেন্ট কলেজ প্রফেসর এসোসিয়েশন (বিজিসিপিএ) এবং লেকচারার এসোসিয়েশন (বিজিসিএলএ) এ ধর্মঘটের ডাক দিয়েছে। ধর্মঘট কালে মে মাসে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষা গ্রহণ ও বর্জন করা হবে। গতকাল ৬ মার্চ পর্যন্ত বেঁধে দেয়া সময়ের মধ্যে দাবি পূরণ না হওয়াতেই এ ধর্মঘটের ডাক দেয়া হয়েছে। সরকারি কলেজ শিক্ষকদের ১২ দফা দাবির মধ্যে রয়েছে- সরকারি কলেজ সমূহে ৬ হাজার পদ সৃষ্টি, দশ ভাগ রিজার্ভ কোটা ও বিভাগীয় পদোন্নতির মাধ্যমে শূন্য আসন পূরণ, পদোন্নতি প্রাপ্তদের অন্যান্য ক্যাডার সার্ভিসের সমান স্কেল প্রদান ইত্যাদি।

অনির্দিষ্ট কালের ধর্মঘটে যাওয়ার আগে সরকারকে সতর্ক করে দেয়ার উদ্দেশে ১১ মার্চ থেকে ৬ দিন ২ ঘন্টা করে কর্মবিরতি এবং কালো ব্যাজ ধারণ করা হবে। উল্লেখ্য গত ১২ ফেব্রুয়ারি বিজিসিপিএ ও বিজিসিএলএ ৬ মার্চের মধ্যে তাদের ১২ দফা দাবি পূরণের জন্যে সরকারকে সময়সীমা বেঁধে দিয়েছিলো।